



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGLAI

11 JUNE 2024

7:35—7:40 AM IST

তৃতীয়বাৰেৰ ক্ষমতায় প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী নিজেৰ হাতে মহাকাশ গবেষণা , এটোমিক এনাৰ্জি , পেনশন ও গণ অভিযোগেৰ মতো কিছু বিভাগ নিজেৰ হাতে ৰেখেছেন । গতকাল মন্ত্ৰী সভাৰ প্ৰথম বৈঠকেৰ পৰ কেন্দ্ৰীয় মন্ত্ৰী পৰিষদেৰ সদস্যদেৰ মধ্যে দপ্তৰ বন্টন কৰা হয় ।

এ ক্ষেত্ৰে ৰাজনাথ সিং-কে প্ৰতিৰক্ষা , অমিত শাহকে স্বৰাষ্ট্ৰ ও সমবায় , নীতিন গাডকাড়িকে সড়ক পৰিবহন , জগৎ প্ৰকাশ নাড্ডাকে স্বাস্থ্য ও পৰিবাৰ কল্যাণ , নিৰ্মলা সীতাৰমনকে অৰ্থ , সৰ্বানন্দ সনোয়ালকে জাহাজ , বন্দৰ ও জল পৰিবহন এবং কিয়েৰ ৰিজিজুকে সংসদীয় পৰিক্ৰমা ও সংখ্যালঘু উন্নয়ন মন্ত্ৰকেৰ দায়িত্ব অৰ্পন কৰা হয়েছে ।

এদিকে আসামেৰ পবিত্ৰ মাৰ্খাৰিটাকে বঙ্গ ও বিদেশ মন্ত্ৰকেৰ প্ৰতিমন্ত্ৰীৰ দায়িত্ব অৰ্পন কৰা হয়েছে ।

প্ৰধানমন্ত্ৰী নৱেন্দ্ৰ মোদী গতকাল তৃতীয়বাৰেৰ জন্য প্ৰধানমন্ত্ৰী হিসেবে কাৰ্যভাৰ গ্ৰহণেৰ পৰ কৃষাণ সন্মান নিধিৰ সপ্তদশ কিস্তিৰ অৰ্থ মঞ্জুৰ কয়েন । এই কিস্তিৰ দ্বাৰা ৯ কোটি ৩০ লক্ষ কৃষকে প্ৰায় ২০ হাজাৰ কোটি টাকা বিতৰণ কৰা হবে । শ্ৰী মোদী বলেন যে তাৰ সৰকাৰেৰ প্ৰথম সিদ্ধান্ত কৃষকেৰ কল্যাণেৰ জন্য তাৰ প্ৰতিশ্ৰুতিবদ্ধতাকে প্ৰতিফলিত কয়ে । প্ৰধানমন্ত্ৰী বলেন যে তাৰ সৰকাৰ কৃষকেৰ উন্নয়নেৰ জন্য সম্পূৰ্ণভাবে প্ৰতিশ্ৰুতিবদ্ধ । দেশেৰ সব কৃষকে সহায়তা প্ৰদানেৰ লক্ষে ২০১৯ সালে এই পি এম কৃষাণ প্ৰকল্প আৰম্ভ কৰা হয়েছিল । এই প্ৰকল্পেৰ মাধ্যমে প্ৰতিবছৰ যোগ্য কৃষকে ছয় হাজাৰ টাকাৰ আৰ্থিক সাহায্য প্ৰদান কৰা হয় । এই অৰ্থ দুহাজাৰ টাকা কয়ে তিনটি কিস্তিতে হিতাধিকাৰীদেৰ ব্যাংক একাউন্টে প্ৰদান কৰা হয় । এই প্ৰকল্পেৰ মাধ্যমে এপৰ্যন্ত ১১ কোটি কৃষক পৰিবাৰ উপকৃত হয়েছে ।

---

তারাপুর শিববাড়ী রোড এলাকার নদী ভাঙ্গন স্থলে আগামী ১৫ দিনের মধ্যে এলিভেটেড করিডরের কাজ শুরু হবে। শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার গতকাল তারাপুর পাইওনিয়র সাংস্কৃতিক সংস্থার এক প্রতিনিধি দলকে এই আশ্বাস প্রদান করেন। তারাপুরের পাইওনিয়র সাংস্কৃতিক সংস্থার পক্ষ থেকে পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকারের সঙ্গে সাক্ষাৎ করে তারাপুর শিববাড়ী রোডের ভাঙ্গা সড়কে প্রস্তাবিত এলিভেটেড করিডোর নির্মাণ না হওয়া পর্যন্ত সড়ক সচল রাখা এবং এলিভেটেড করিডর যুদ্ধকালীন তৎপরতায় নির্মাণের দাবী জানিয়ে একটি স্মারক পত্র প্রদান করে। স্মারক পত্র প্রদান কালে প্রতিনিধি দলে নির্মল কুমার দাস, দেবদুলাল মালাকার, কার্তিক সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

---

আমরা বাঙালীর আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে মণিপূরের জিরিবাম জেলার বর্তমানের অস্থির পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। কমিটির পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে কেন্দ্রীয় বাহিনীর তত্ত্বাবধানে রাজ্যের সুরক্ষার ভার তুলে দেবার দাবী জানানো হয়েছে। এছাড়া কাছাড় জেলায় আশ্রয় গ্রহণ করা লোকেদের পর্যাপ্ত সুরক্ষা ও ত্রাণসামগ্রী প্রদান করার দাবী জানানো হয়েছে।

---

করিমগঞ্জ জেলা আইন সেবা কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে সর্বোচ্চ আদালতের নির্দেশে আগামী ২৯শে জুলাই থেকে তেসোরা অগাষ্ট পর্যন্ত বিশেষ লোক আদালত অনুষ্ঠিত হবে। এই বিশেষ লোক আদালতের মাধ্যমে জেলা ও দায়রা জজ আদালত এবং উচ্চ ন্যায়ালয়ে বিচারাধীন থাকা আপোষ মীমাংসা যোগ্য মামলাগুলির নিষ্পত্তি করা হবে। এই বিশেষ লোক আদালতের সুবিধা গ্রহণ করতে জেলা আইন সেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।

---

এদিকে আসাম রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের নির্দেশে কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের সহযোগীতায় আগামী ১১ই জুন থেকে শিলচরে বিভিন্ন মামলার প্রাক সিটিং পরিচালনা করা হবে। এ ক্ষেত্রে জাতীয় লোক আদালত নিয়ে যারা সমন পেয়েছেন, তাদেরকে প্রাক সিটিং-এ অংশ নিতে এবং মামলা আপোষ করার সুযোগ গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত কার্যালয়ের ই-গভর্ন্যান্স শাখায় ডি পি এম ও ডি টি এস এস পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য বাছাই তালিকা ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে। জেলার অতিরিক্ত আয়ুক্ত ও ই-গভর্ন্যান্স শাখার সদস্য সচিব জানিয়েছেন যে লিখিত পরীক্ষার জন্য বাছাই করা প্রার্থীদের এডমিট কার্ড আগামী ১২ই জুন, সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জেলা আয়ুক্তের কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে। বিশদ বিবরণ জেলা আয়ুক্তের কার্যালয়ে পাওয়া যাচ্ছে।

---

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ময়নাগড় চা বাগানের স্বামী বিবেকানন্দ সেবা সমিতির সহযোগীতায় আগামী ১৮ই জুন ময়নাগড় দুর্গা মন্দিরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিবিরটি সকাল ১০টায় শুরু হবে।

---

---